# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড,

নারায়ণগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১৬.৬৭০০.০১৪.৩১(১০).০২৯.১৮/ ২৮২ তারিখঃ ০৪ /০৪/২০১৮ খ্রিঃ

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন সায়রাত মহাল ২০১৮-২০১৯ আর্থিক সনের ইজারা বিজ্ঞপ্তি

নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন নিম্নেবর্ণিত সায়রাত মহাল সমূহ ২০১৮-২০১৯ খ্রিঃ সনের অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র অফিস চলাকালীন সময়ে নগর ভবনের হিসাব শাখা, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয়ে স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর কার্যালয়, সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং উক্ত কার্যালয় সমূহে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র জমা দেওয়া যাবে। গৃহীত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী নগর ভবনে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য সিটি কর্পোরেশনের ০৩ (তিন) টি আঞ্চলিক কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্রের সহিত অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে দরদাতার (প্রস্তাবিত) দরের ১০০% অর্থ মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সহিত জমা দিতে হবে। ইজারাদারকে প্রস্তাবিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত আরও ১৫% ভ্যাট, ৫% আয়করের সমপরিমান টাকার পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে এবং ইজারা প্রাপ্তির পর ৫% জামানত পরিশোধ করত: ৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে সিটি কর্পোরেশনের সহিত চুক্তিপত্র সম্পাদনের পর বাজার/ষ্ট্যান্ডের দখল বুঝিয়ে দেয়া হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী দরপত্রের সঙ্গে লিপিবদ্ধ রয়েছে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অনলাইনে দরপত্র দাখিল করতে ভিজিট করুন property.ncc.gov.bd এবং দরপত্রের বিষয়ে বিস্তারিত জানতে ভিজিট করুন www.ncc.gov.bd.

| ক্র:নং | সায়রাত মহালের নাম | বায়নার পরিমান (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ১। | কেন্দ্রীয় বাস টার্মিনাল (নারায়ণগঞ্জ)। | ১০০% | ৪,৪০০/- |
| ২। | পঞ্চবটি ট্রাক টার্মিনাল (নারায়ণগঞ্জ)। | ১০০% | ১,৬০০/- |
| ৩ | রাস্তার ক্ষতিপুরন ফি আদায় (নিতাইগঞ্জ ও থানা পুকুর পাড় পার্শ্বস্থ এস এম মালেহ রোড) | ১০০% | ৬,৮০০/- |
| ৪। | রাস্তার ক্ষতিপুরন ফি আদায় (চারার গোপ) | ১০০% | ১,৪০০/- |
| ৫। | নিউমেট্রো হলের সম্মুখস্থ সড়ক বাস, বেবী ,টেম্পু ষ্ট্যান্ড | ১০০% | ১,৮০০/- |
| ৬। | ১ নং রেলগেইট সংলগ্ন বেবী টেক্সী স্ট্যান্ড (শহীদ সোহরাওয়ার্দী সড়ক সংলগ্ন উত্তর পাশে) | ১০০% | ৫০০/- |
| ৭। | ভাষা সৈনিক সড়ক সংলগ্ন বেবী টেক্সী ষ্ট্যান্ড (কেন্দ্রীয় পৌর শহীদ মিনার সংলগ্ন) | ১০০% | ৫০০/- |
| ৮। | জিমখানা সড়ক বেবী টেক্সী স্ট্যান্ড | ১০০% | ৩,৪০০/- |
| ৯। | ইসদাইর জবাইখানা। | ১০০% | ৫০০/- |
| ১০। | সৈয়দ আলী চেম্বার সংলগ্ন গণশৌচাগার (নারায়ণগঞ্জ) | ১০০% | ১,০০০/- |
| ১১। | কেন্দ্রীয় পৌর শহীদ মিনার সংলগ্ন গনশৌচাগার | ১০০% | ১,০০০/- |
| ১২। | ধর্ম তলা গনশৌচাগার | ১০০% | ৫০০/- |
| ১৩ | হাজীগঞ্জ গুদাড়াঘাট সংলগ্ন গণশৌচাগার। | ১০০% | ৫০০/- |
| ১৪। | ইনিষ্টিটিউট রোড সংলগ্ন অস্থায়ী কাঁচাবাজার | ১০০% | ১৬,২০০/- |
| ১৫। | আদমজীনগর কোমল মিনিবাস স্ট্যান্ড | ১০০% | ১,৮০০/- |
| ১৬ | পশ্চিমপাড় চর সৈয়দপুর,পূর্বপাড় মদনগঞ্জ খেয়াঘাট | ১০০% | ১,৪০০/- |

## দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচী:

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দফা | ২২/০৪/২০১৮ হতে ২৫/০৪/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬/০৪/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০৪/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ২য় দফা | ১৩/০৫/২০১৮ হতে ১৬/০৫/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৭/০৫/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৭/০৫/২০১৮ বিকাল ২.০০ ঘটিকা |
| ৩য় দফা | ০৩/০৬/২০১৮ হতে ০৬/০৬/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত | ০৭/০৬/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৭/০৬/২০১৮ বিকাল ২.০০ ঘটিকা |
| ৪র্থ দফা | ২৩/০৭/২০১৮ হতে ২৬/০৭/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৯/০৭/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৭/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৫ম দফা | ১২/০৮/২০১৮ হতে ১৪/০৮/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০৮/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৮/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৬ষ্ঠ দফা | ০৩/০৯/২০১৮ হতে ০৬/০৯/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৯/০৯/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৯/০৯/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৭মদফা | ০১/১০/২০১৮ হতে ০৪/১০/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৭/১০/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৭/১০/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৮ম দফা | ২৮/১০/২০১৮ হতে ৩১/১০/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০১/১১/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০১/১১/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৯ম দফা | ২৬/১১/২০১৮ হতে ২৯/১১/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/১২/২০১৮ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০২/১২/২০১৮ বিকাল ৩.০০ ঘটিকা |

### শর্তাবলী:

১। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং খামের উপরে ইজারার বিষয়ের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

২। দরদাতাকে প্রস্তাবিত দরের ১০০% টাকা মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রস্তাবিত মূল্যের উপর ২০% ভ্যাট ও আয়করের সমপরিমান পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

৩। অস্পষ্ট, কাটা-ছেড়া, ঘষা-মাজা সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দরপত্র ক্রয়ের রশিদ অবশ্যই সংযুক্ত করতে হবে।

৪। দরপত্রে বর্ণিত প্রথম সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে, যদি উক্ত দর কাঙ্খিত মূল্যের বেশি হয়।

৫। নির্দিষ্ট সময়ে টেন্ডার বাক্স বন্ধ হয়ে যাওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দুই বা ততোধিক দরদাতার দর প্রথম সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৬। কারো নিকট থেকে সিটি কর্পোরেশন কোন পাওনা বাকি থাকলে তিনি ইজারা কার্যক্রমে অংশ গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৭। প্রথম সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাকে দরপত্রে প্রস্তাবিত মূল্যের উপর ৫% জামানত জমা দিয়ে ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তির সম্পাদনের পর ইজারার দখল ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। অন্যথায় ইজারা বাতিল পূর্বক জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করত: পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৮। টোল আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আলোর ব্যবস্থাসহ ইজারাদারকে করতে হবে এবং ইজারার টোল চার্ট প্রকাশ্য স্থানে জনগণের অবগতির জন্য টাঙিয়ে রাখতে হবে।

৯। ইজারা সম্পর্কিত বিষয় সমুহের উপর অত্র সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচাপাকা কোন অবকাঠামো নির্মাণ করা যাবে না।

১০। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত মহাল অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারে না। ইজারাদার নিজ খরচে ১টি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।

১২। ইজারার বিষয় পরিচালনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রেইটে টোল আদায় করতে হবে এবং ইজারাদার নিজ খরচে টোল রেইটের তালিকা দৃশ্যমান স্থানে টাংগিয়ে রাখতে হবে। <u>টোল রেইট:</u> বাস/ট্রাক পাকিং ফি দৈনিক =৫০/- টাকা, বেবী/টেম্পু/মেক্সী পার্কিং ফি দৈনিক= ১৫/- টাকা, মাইক্রোবাস/ (প্রতিবার)= ১৫/- টাকা, মিনিবাস দৈনিক = ২০/- টাকা, <u>লোডিং-আনলোডিং ফি:</u> (প্রতিবার) কভারভ্যান = ১৫০/- টাকা, ট্রাক বড় =৭৫/- টাকা, ট্রাক ছোট=৪০/- টাকা, লবন ও সোডার ট্রাক = ৫০/- টাকা, <u>রাস্তার ক্ষতিপুরণ ফি:</u> লোডিং ট্রাক ৬ চাকা পর্যন্ত =২০- টাকা, ৬ চাকার উর্দ্ধে= ৩০/- টাকা,কভার্ডভ্যান বড়= ৩০/-, কভার্ডভ্যান ছোট (৪ চাকা)= ২০/- টাকা, মাল বহণকারী মাইক্রো/ বেবি টেম্পু= ১০/- টাকা, <u>গণশৌচাগার ফি:</u> প্রসাব (প্রতিবার)= ১/- টাকা, পায়খানা (প্রতিবার) = ৩/-টাকা, গোসল (প্রতিবার)= ৫/-টাকা, <u>জবাইখানা ফি :</u> ছাগল/ভেড়া প্রতিটি জবাই ফি= ৫০/- টাকা, গরু/মহিষ প্রতিটি জবাই ফি = ১০০/- টাকা।

১৩। হাট বাজার/খেয়াঘাট টোল আদায়ের ক্ষেত্রে সিটি কর্পোরেশন হতে সরবরাহকৃত টোল রেইট প্রযোজ্য হবে।
১৪। ইজারার এক বা একাধিক শর্ত ভঙ্গ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ সরকার অথবা সিটি কর্পোরেশনের স্বার্থে বর্ণিত যে কোন শর্ত শিথিল করতে পারবে।
১৫। সরকার এবং সিটি কর্পোরেশন কর্তৃক ইজারা সংক্রান্ত পরবর্তীতে যে সকল নির্দেশ জারী করা হবে ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।
১৬। ইজারা গ্রহণকৃত স্থানে ইজারাদার (প্রযোজ্য ক্ষেত্রে) নিজস্ব ব্যবস্থাপনায় পানি, বিদ্যুৎ এর ব্যবস্থা করবেন এবং ব্যবহৃত বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করবেন। এতে সিটি কর্পোরেশন কোন সংশ্লেশ থাকবে না ।
১৭। ইজারাদার নিজ দায়িত্বে ইজারাকৃত স্থান অবশ্যই পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
১৮। কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তি বা একাধিক ব্যক্তির নামে দরপত্র ক্রয় বা দাখিল করা যাবে না।
১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
২০। হাট-বাজার/সায়রাত মহাল ইজারা সংশ্লিষ্ট টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সাটিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
২১। কোন দফায় কোন দরদাতার দর গৃহিত হলে পরবর্তী দফায় ঐ মহালের দরপত্র বিক্রি করা হবেনা , এ বিষয়ে টেলিফোন অথবা পত্র মারফত সংশ্লিষ্ট দরপত্র বিক্রেতাকে অবহিত করা হবে।
২২। কোন দর দাখিলকারী যে দফায় দর প্রস্তাব দাখিল করবেন তার পরবর্তী দফার পুর্বেই তার দরপত্র গৃহিত হয়েছে কিনা সংশ্লিষ্ট শাখায় এসে তা নিজ দায়িত্ব জেনে নিতে হবে।
২৩। সরকার/সিটি কর্পোরেশনের পক্ষ হতে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ, আইনগত কারন বা অন্যান্য যৌক্তিক কারনে কোন মহাল হতে ইজারাদার টোল আদায় করতে না পরলে ইজারাদারের আবেদনের প্রেক্ষিতে সিটি কর্পোরেশন আনুপাতিক হারে ইজারার টাকা ফেরৎ দেবে।
২৪। উপরে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন-৭৬৪৮৩৬৭
e-mail: ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.১৬.৬৭০০.০১৪.৩১(১০).০২৯.১৮/২৭২(৬০)
তারিখঃ ০৪/০৪/২০১৮ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। কাউন্সিলর (সকল), নরায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, নারায়ণগঞ্জ।
৮। নিবাহী প্রকৌশলী নারায়ণগঞ্জ/কদমরসূল/সিদ্ধিরগঞ্জ আঞ্চল
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দ:), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব মোঃ মঈনুল ইসলাম, তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ( বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের অনলাইন এবং ওয়েবসাইটে আপলোডসহ যে সকল দরদাতা অনলাইনে আবেদন করতে ইচ্ছুক তাদেরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
১১। উর্দ্ধতন উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ নদী বন্দর।
১২। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। নোটিশ বোর্ডঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, জেলা প্রশাসকু ও পুলিশসুপারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর/ বন্দর, প্রধান ডাকঘর/সাব-রেজিষ্ট্রি অফিস/ সহকারী কমিশনার (ভুমি) অফিস/ তহসিল অফিফ, প্রেসক্লাব, বি কে এম ই এ ও হাসপাতাল সমুহের নোটিশ বোর্ড।
১৪। সম্পাদক,দৈনিক.................................................... (তাঁকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১০´´ ইঞ্চি পরিসরে ...................... তারিখে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৫। জনাব ...........................................ইজারাদার (সাবেক) ............................................................।
১৬। সভাপতি/সাধারন সম্পাদক ............................................. কমিটি ।

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন